



চিটাগাং ড্রাই ডক লিমিটেড  
বাংলাদেশ নৌবাহিনী  
পূর্ব পতেঙ্গা, চট্টগ্রাম

২৩.০২.১৫৬৫.৩৪১.১১.০০১.১৯. ২০১৬

০৬

সেপ্টেম্বর ২০১৯

### নিয়োগ বিজ্ঞপ্তি

চিটাগাং ড্রাই ডক লিমিটেড, বাংলাদেশ নৌবাহিনী, পোঃ বক্স নং-২০০৭ (বন্দর), পূর্ব পতেঙ্গা, চট্টগ্রাম এর জন্য নিম্নোক্ত পদে (প্রকল্প ভিত্তিক) নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	বয়সসীমা	যোগ্যতা
১।	উপ সহকারি প্রকৌশলী (পুর) (বেতন আলোচনা সাপেক্ষে)	০১	অনুর্ধ্ব ৩৫ বছর (অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য)	যে কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে পুরকৌশল বিষয়ে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ডিগ্রী এবং সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ০৪ বছরের অভিজ্ঞতা।

আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ ও সময় : ১৭ সেপ্টেম্বর ২০১৯ ইং বিকাল ৫.০০ টা।

#### নিয়মাবলীঃ

- ১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- ২। খামের উপর আবেদনকৃত পদের নাম এবং বিজ্ঞপ্তির সূত্র নম্বর উল্লেখ করতে হবে।
- ৩। আবেদন পত্রের সাথে ৩০০ টাকা মূল্যের পে-অর্ডার (অফেরতযোগ্য) মহাব্যবস্থাপক (প্রশাসন), সিডিডিএল বরাবর সংযুক্ত করতে হবে।
- ৪। আবেদনপত্র প্রতিষ্ঠান হতে সংগ্রহ করা যাবে। এছাড়া প্রতিষ্ঠানের ওয়েবসাইট থেকে নির্ধারিত আবেদন ফর্ম ডাউনলোড করে দরখাস্ত করা যাবে। ঠিকানা [www.cddl.gov.bd/available-jobs/](http://www.cddl.gov.bd/available-jobs/) প্রতিষ্ঠানের উক্ত ওয়েবসাইটে 'Career' অপশনে গিয়ে 'Apply Online' অপশন থেকেও সরাসরি আবেদন করা যাবে। তবে সেক্ষেত্রে পরীক্ষার সময় ০৪ কপি পাসপোর্ট সাইজের ছবি, বোর্ড/বিশ্ববিদ্যালয় হতে অর্জিত সকল ডিগ্রির মূল কপি এবং পে অর্ডারের কপি অবশ্যই সাথে আনতে হবে।
- ৫। প্রার্থীকে অবশ্যই আবেদনপত্রের সাথে ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল প্রকার শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র ও অভিজ্ঞতা সনদ পত্রের অনুলিপি সংযুক্ত করতে হবে, অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ৬। আবেদনপত্রের সাথে সম্প্রতি তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।
- ৭। যে সকল আবেদনকারীর আবেদনপত্র প্রাথমিক বাছাইয়ের পর গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে, তাদেরকে পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য অবহিত করা হবে। সিডিডিএল কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন পত্র বাতিল করার অধিকার সংরক্ষন করেন।
- ৮। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেওয়া হবে না।
- ৯। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ১০। সিডিডিএল এ চলমান পুরকৌশল সংশ্লিষ্ট প্রকল্পের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হবে।
- ১১। সিডিডিএল এর চাকুরি হতে বহিষ্কৃত হলে চাকুরিতে আবেদনের অযোগ্য হিসেবে বিবেচিত হবে।

আতিকুর রহমান  
ক্যাপ্টেন বিএন  
মহাব্যবস্থাপক (প্রশাসন)